

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৮.২০১৫-

তারিখ-----।

আদেশ

যেহেতু, জনাব জুলিয়ান মোর্শেদ, প্রশিক্ষক(মৎস্য), যুব উন্নয়ন অধিদপ্তর গাইবান্ধা জেলায় কর্মকালীন গত ২৬-৮-২০১৪ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত এবং এ বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক চাহিত ব্যাখ্যার জবাব প্রদান থেকে বিরত থাকার অভিযোগে যুব উন্নয়ন অধিদপ্তরের ১৮-০৩-২০১৫ খ্রিঃ তারিখের ১৩৪ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(সি) বিধি মোতাবেক তার বিরুদ্ধে অননুমোদিত অনুপস্থিতির কারণে বিভাগীয় মামলা চালু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার নিকট আত্মীয়ের মাধ্যমে প্রাপ্তি নিশ্চিত করা হয়;

যেহেতু, যথাসময়ে বিভাগীয় মামলায় জবাব না পাওয়ায় মামলাটি নিষ্পত্তির স্বার্থে বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ প্রমানিত মর্মে উল্লেখ থাকায় তাকে চাকুরি হতে বরখাস্ত(Dismissal from Service) দপ্তর প্রস্তাবনাপূর্বক অত্র দপ্তরের ২১-০১-২০১৬ খ্রিঃ তারিখের ২২ সংখ্যক স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ স্থানীয় ঠিকানায় প্রেরণ করা হয়। দীর্ঘদিন পর তিনি যুক্তরাষ্ট্র হতে একটি হাসপাতালের চিকিৎসাপত্রসহ যোগাযোগ ঠিকানা বগুড়া উল্লেখ করে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন, যার একটি আবেদন সরাসরি মহাপরিচালক বরাবরে এবং অপর একটি আবেদন উপ-পরিচালক গাইবান্ধার মাধ্যমে প্রেরণ করেন। বর্তমানে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবে তিনি উল্লেখ করেন যে, গত ১৬-৮-২০১৪ তারিখ হতে ০১ মাস ছুটি গ্রহণ করে চিকিৎসা করান এবং ছুটি বর্ধিতকরণের জন্য আবেদন করেন। কিন্তু ছুটি মঞ্জুরের স্বপক্ষে কোন সরকারি আদেশ আবেদনের সাথে সংযুক্ত করেননি। তিনি আরও উল্লেখ করেন যে, বর্তমানেও তিনি অসুস্থ এবং তার পক্ষে বর্ণিত পদের কঠোর পরিশ্রমের দায়িত্ব পালন করা সম্ভব নয়, গত ফেব্রুয়ারী ২০১৬ মাস হতে তাকে স্বেচ্ছায় অবসরদানের অনুরোধ জানান;

যেহেতু, তিনি গত ০৭-৯-২০১৪ তারিখে তার স্বাক্ষরিত শুধু একটি আবেদনপত্র ডাকযোগে উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা বরাবরে প্রেরণ করেন। তিনি স্থানীয় কর্তৃপক্ষের সাথে কোন যোগাযোগ করেননি বা কোন প্রকার ছুটি গ্রহণের আবেদনপত্রও দাখিল করেননি। তিনি উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অসত্য তথ্য প্রদান করেছেন এবং তার বর্হিবাংলাদেশ অর্জিত ছুটি নেয়ার কোন প্রমানপত্র পাওয়া যায়নি মর্মে স্থানীয় কর্তৃপক্ষ পত্রের মাধ্যমে অবহিত করেন ;

যেহেতু, তিনি চাকুরিতে ২৭-৯-১৯৯৯ খ্রিঃ তারিখে যোগদান করেন এবং ১৬-৮-২০১৪ খ্রিঃ তারিখে হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, যা বিভাগীয় তদন্তেও প্রমানিত। তার চাকুরির মেয়াদ ২৫(পঁচিশ) বছর পূর্ণ না হওয়ায় তাকে স্বেচ্ছায় অবসর দানেরও সুযোগ নেই। যেহেতু তিনি অসুস্থ এবং নিজেই চাকুরি হতে অবসর নিতে চাচ্ছেন সেহেতু, তাকে চাকুরিতে রাখারও যৌক্তিকতা নেই। তার অসুস্থতার বিষয়টি বিবেচনাপূর্বক তাকে চাকুরী হতে বাধ্যতামূলক অবসরদানের(compulsory retirement) সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

যেহেতু, তিনি একজন দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা বিধায় তাকে বাধ্যতামূলক অবসরদানের(compulsory retirement) পূর্বে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে সরকারী কর্মকমিশনের মতামত চাওয়া হলে, সরকারী কর্মকমিশনের ২২-০৮-২০১৬ খ্রিঃ তারিখের ৮০.১০৫.০৩৪.০০২.০২৪.২০১৬/১৬৩ সংখ্যক স্মারকে তাকে চাকুরি হতে বাধ্যতামূলক অবসরদানের(compulsory retirement) বিষয়ে একমত পোষন করেন;

এক্ষণে, সেহেতু বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মতামতের প্রেক্ষিতে জনাব জুলিয়ান মোর্শেদ, প্রশিক্ষক(মৎস্য)-কে সরকারী কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(বি) বিধি মোতাবেক চাকুরি হতে বাধ্যতামূলক অবসরদান(compulsory retirement) দণ্ড প্রদান করা হলো ;

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখ- ২২/২/১৬

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৮.২০১৫- ২৬৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা(পত্রটি সংশ্লিষ্টকে অবহিত করতে অনুরোধ করা হলো)।
- ০৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাইবান্ধা।
- ০৬। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্টের ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৭। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা/কল্যাণ কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর, বগুড়া(পত্রটি বর্ণিত স্থায়ী ঠিকানায় বিলিপূর্বক সার্ভিস রিটার্ন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
- ০৯। জনাব জুলিয়ান মোর্শেদ, প্রশিক্ষক(মৎস্য)(বাধ্যতামূলক অবসরদানপ্রাপ্ত), যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।
- ১০। জনাব জুলিয়ান মোর্শেদ, পিতা-জনাব মোঃ আমিনুল ইসলাম, রূপমহল জুয়েলার্স, থানা রোড, বগুড়া।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১২। অফিস কপি।

(মোঃ আতাউর রহমান)

সহকারী পরিচালক (শৃঙ্খলা)

ফোন : ৯৫৫১৮৫৯